



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৭-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

### সাধারণ সেবা ও কল্যাণ বিভাগ

স্মারক নং- পসব্য/প্রকা/সাধারণ-২৮/২০২৫-২৬/২৯৮

তারিখঃ ১২/০৩/২০২৬ খ্রি.

সকল কার্যালয়  
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিতে ব্যাংকের সকল কার্যালয়ের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আগামী ১৭/০৩/২০২৬ তারিখ হতে ২৩/০৩/২০২৬ তারিখ পর্যন্ত মোট ০৭ (সাত) দিন অফিস ছুটি থাকবে। ছুটিকালীন সময়ে অফিসের মালামাল সুরক্ষিত রাখা ও কার্যালয়ের নিরাপত্তার স্বার্থে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো:

- ক) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা ব্যবস্থাপকগণ রোস্টারিংয়ের ভিত্তিতে ছুটিকালীন সময়ে নিজে এবং অফিস স্টাফদের সমন্বয়ে পরিদর্শনের মাধ্যমে অফিসের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- খ) নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের রাত্রিকালীন শাখায় অবস্থান করে সতর্কতার সাথে শাখার নিরাপত্তার দায়িত্ব পালন করতে হবে। শাখাকে অরক্ষিত রেখে কোনো নিরাপত্তা প্রহরীকে ছুটি প্রদান করা যাবে না।
- গ) অফিস ত্যাগ করার পূর্বে বৈদ্যুতিক যন্ত্রপাতি, কম্পিউটার, রাউটার, ডিজিটাল হাজিরা ডিভাইস ও জেনারেটরের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে এবং দরজা জানালা তালাবদ্ধ করতে হবে।
- ঘ) ছুটিকালীন সময়ে বহিরাগতদের প্রবেশ থেকে কার্যালয়সমূহকে সুরক্ষিত রাখতে হবে।
- ঙ) শাখার সিসিটিভি যথাস্থানে এবং কার্যকর আছে মর্মে নিশ্চিত হতে হবে এবং ভিডিও ফুটেজ সংরক্ষণ করতে হবে।

উপরিউক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য উপর্যুক্ত নির্দেশনাসমূহ পরিপালনে ব্যত্যয় ঘটান কারণে কোনরূপ অনাকাঙ্ক্ষিত ঘটনার উদ্ভব হলে সংশ্লিষ্ট কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন।

অনুমোদনক্রমে

(খান ইকবাল হাসান)

উপব্যবস্থাপনা পরিচালক

তারিখঃ ১২/০৩/২০২৬ খ্রি.

স্মারক নং- পসব্য/প্রকা/সাধারণ-২৮/২০২৫-২৬/২৯৮

সদয় অবগতির জন্য প্রেরিত হলো;

- ১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ (সকল বিভাগ), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস নথি।